৬ আগস্ট, ২০২৬

# ১৬ আগস্ট থেকে শুরু হচ্ছে ফ্যামিলি কার্ডের দ্বিতীয় কার্যক্রম



ছবি: সংগৃহীত

ফ্যামিলি কার্ড কর্মসূচির দ্বিতীয় পর্যায়ের কার্যক্রম আগামী ১৬ আগস্ট কিশোরগঞ্জ থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হবে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তারেক রহমান অংশ নেবেন বলে জানিয়েছে সরকার।

বৃহস্পতিবার (৬ আগস্ট) ফ্যামিলি কার্ড–সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির পঞ্চম বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ তথ্য জানান সমাজকল্যাণ ও মহিলা-শিশুবিষয়ক মন্ত্রী এ জেড এম জাহিদ হোসেন।

তিনি বলেন, পরীক্ষামূলকভাবে পরিচালিত প্রথম ধাপের অভিজ্ঞতা ইতিবাচক ছিল। সেই অভিজ্ঞতার ভিত্তিতেই এবার আরও বিস্তৃত পরিসরে কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। উপকারভোগী নির্বাচন ও কার্ড বিতরণ প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখতে একাধিক যাচাই-বাছাই পদ্ধতি অনুসরণ করা হচ্ছে।

মন্ত্রী জানান, আগামী বছরের জুনের মধ্যে ৪০ লাখ ২০ হাজার পরিবারের হাতে ফ্যামিলি কার্ড পৌঁছে দেওয়ার পরিকল্পনা রয়েছে। এ লক্ষ্য বাস্তবায়নে আগামী কয়েক সপ্তাহের মধ্যে মাঠপর্যায়ে তথ্য সংগ্রহের কাজ শেষ করা হবে। তথ্য সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিরা বাড়ি বাড়ি গিয়ে সম্ভাব্য উপকারভোগীদের তথ্য যাচাই করবেন।

তিনি আরও বলেন, প্রকৃত দরিদ্র ও অতিদরিদ্র পরিবার যাতে এই সুবিধা পায়, সে বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। একই ব্যক্তি একাধিক সরকারি ভাতা বা সুবিধা গ্রহণ করতে না পারেন, সে বিষয়েও নজরদারি থাকবে।

এ জেড এম জাহিদ হোসেন জানান, যশোর ও নেত্রকোনার কলমাকান্দা এলাকায় তথ্য সংগ্রহে কিছু অসঙ্গতি ধরা পড়েছিল। পরবর্তী যাচাইয়ে সেগুলো সংশোধন করা হয়েছে এবং ভবিষ্যতে এমন ভুল এড়াতে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে।